# সাফল্য

## বাংলাদেশ কোস্ট গার্ড কর্তৃক উন্নয়ন প্রকল্পের তথ্যাদি

১। **'এনহ্যান্সমেন্ট অফ অপারেশানাল ক্যাপাবিলিটি অফ বাংলাদেশ কোস্ট গার্ড' শীর্ষক প্রকল্প**

বাংলাদেশ কোস্ট গার্ড- এর জন্য 'এনহ্যান্সমেন্ট অফ অপারেশানাল ক্যাপাবিলিটি অফ বাংলাদেশ কোস্ট গার্ড' শীর্ষক প্রকল্পের আওতায় ০৩ টি ইনশোর প্যাট্রল ভেসেল, ০১টি ফ্লোটিং ক্রেন ও ০৬ টি হাইস্পিড বোট (বড়) নির্মাণের পরিকল্পনা অনুমোদিত হয়। এ প্রকল্পের সঠিক অগ্রগতি নিম্নরূপঃ

**ক। তিনটি আইপিভি কোস্ট গার্ড বহরে সংযোজন।** বাংলাদেশ কোস্ট গার্ড- এর 'এনহ্যান্সমেন্ট অফ অপারেশানাল ক্যাপাবিলিটি অফ বাংলাদেশ কোস্ট গার্ড' শীর্ষক উন্নয়ন প্রকল্পের মাধ্যমে তিনটি ইনশোর প্যাট্রল ভেসেল (আইপিভি) নির্মাণ শেষে গত ২০ জুন ২০১৯ বাহিনীর বহরে সংযুক্ত হয়।




**নবনির্মিত আইপিভিসমূহ কোস্ট গার্ড এর নিকট হস্তান্তর**



**হস্তান্তরকৃত আইপিভিসমূহ**

**খ। ০১টি ফ্লোটিং ক্রেন ও ০৬টি হাইস্পিড বোট (বড়) ।** অত্র বাহিনীর জন্য একই প্রকল্পের আওতায় খুলনা শিপইয়ার্ড লিঃ- এ ০১টি ফ্লোটিং ক্রেন ও ০৬টি হাইস্পিড বোট (বড়) নির্মাণ চুড়ান্ত পর্যায়ে রয়েছে যা আগামী ৩০ এপ্রিল ২০২১- এর মধ্যে অত্র বাহিনীর বহরে সংযুক্ত হবে মর্মে আশা করা যায়।




**নির্মাণাধীণ ফ্লোটিং ক্রেন**




**নির্মাণাধীণ হাই স্পিড বোট (বড়)**

২। **<u>বাংলাদেশ কোস্ট গার্ডের জন্য বিভিন্ন প্রকার জলযান নির্মাণ’ প্রকল্প</u>**

বাংলাদেশ কোস্ট গার্ড- এর জন্য ‘বাংলাদেশ কোস্ট গার্ডের জন্য বিভিন্ন প্রকার জলযান নির্মাণ’ প্রকল্পের আওতায় ০২টি ইনশোর প্যাট্রল ভেসেল (আইপিভি), ০৬টি হাইস্পিড বোট (বড়), ০২টি টাগ বোট, ০২টি হাইস্পিড বোট (ডাইভিং) ও ০২টি হাইস্পিড বোট (ফেরি) নির্মাণের পরিকল্পনা অনুমোদিত হয়। এ প্রকল্পের বর্তমান অগ্রগতি নিম্নরূপঃ

**ক।** **<u>০২টি ইনশোর প্যাট্রল ভেসেল (আইপিভি)</u>**। বাংলাদেশ কোস্ট গার্ড- এর ‘বাংলাদেশ কোস্ট গার্ডের জন্য বিভিন্ন প্রকার জলযান নির্মাণ’ শীর্ষক উন্নয়ন প্রকল্পের মাধ্যমে ০২টি ইনশোর প্যাট্রল ভেসেল (আইপিভি) নির্মাণ চুড়ান্ত পর্যায়ে রয়েছে যা আগামী ২৯ ডিসেম্বর ২০২০ - এর মধ্যে অত্র বাহিনীর বহরে সংযুক্ত হবে মর্মে আশা করা যায়।




**<u>ডকইয়ার্ড ইঞ্জিনিয়ারিং ওয়ার্কস লিঃ নারায়ণগঞ্জ কর্তৃক নির্মাণাধীন আইপিভি</u>**

**খ।** **<u>দু’টি টাগ বোট</u>** । অত্র বাহিনীর জন্য একই প্রকল্পের আওতায় খুলনা শিপইয়ার্ড লিঃ- এ ০২টি টাগ বোট নির্মানাধীণ রয়েছে যা আগামী ৩১ ডিসেম্বর ২০২০ - এর মধ্যে অত্র বাহিনীর বহরে সংযুক্ত হবে মর্মে আশা করা যায়।




**<u>খুলনা শিপইয়ার্ড লিঃ কর্তৃক নির্মাণাধীন টাগ বোট</u>**

**গ।** **০৬টি হাইস্পিড বোট (বড়)।** অত্র বাহিনীর জন্য একই প্রকল্পের আওতায় ডকইয়ার্ড ইঞ্জিনিয়ারিং ওয়ার্কস লিঃ নারায়ণগঞ্জ- এ ০৬টি হাইস্পিড বোট (বড়) নির্মানাধীণ রয়েছে যা আগামী ২৬ মার্চ ২০২১ - এর মধ্যে অত্র বাহিনীর বহরে সংযুক্ত হবে মর্মে আশা করা যায়।





**ডকইয়ার্ড ইঞ্জিনিয়ারিং ওয়ার্কস লিঃ নারায়ণগঞ্জ কর্তৃক নির্মাণাধীন হাইস্পিড বোট (বড়)**

**ঘ।** **০২টি হাইস্পিড বোট (ডাইভিং) ও ০২টি হাইস্পিড বোট (ফেরি)।** অত্র বাহিনীর জন্য একই প্রকল্পের আওতায় ডকইয়ার্ড ইঞ্জিনিয়ারিং ওয়ার্কস লিঃ নারায়ণগঞ্জ- এ ০২টি হাইস্পিড বোট (ডাইভিং) ও ০২টি হাইস্পিড বোট (ফেরি) নির্মানাধীণ রয়েছে যা আগামী ২৩ ফেব্রুয়ারি ২০২১ - এর মধ্যে অত্র বাহিনীর বহরে সংযুক্ত হবে মর্মে আশা করা যায়।



**খুলনা শিপইয়ার্ড লিঃ কর্তৃক নির্মাণাধীন হাইস্পিড বোট (ডাইভিং)**



খুলনা শিপইয়ার্ড লিঃ কর্তৃক নির্মাণাধীন হাইস্পিড বোট (ফেরি)

৩। **‘বাংলাদেশ কোস্ট গার্ডের ০৩ টি স্টেশানে প্রশাসনিক ভবন ও নাবিক নিবাস নির্মাণ’ শীর্ষক প্রকল্প**

বাংলাদেশ কোস্ট গার্ড- এর জন্য ‘বাংলাদেশ কোস্ট গার্ডের ০৩ টি স্টেশনে প্রশাসনিক ভবন ও নাবিক নিবাস নির্মাণ’ শীর্ষক (১ম সংশোধিত) প্রকল্পের আওতায় টেকনাফ, কৈখালী ও লক্ষ্মীপুর স্টেশনে ৩ টি প্রশাসনিক ভবন, ৩টি নাবিক নিবাস এবং ৩টি সাব-স্টেশনসহ অন্যান্য অবকাঠামো নির্মাণ হচ্ছে। এ পর্যন্ত প্রকল্পের মোট ৯০% অগ্রগতি সাধিত হয়েছে।



**নাবিক নিবাস ভবন**



**প্রশাসনিক ভবন**





৪। **<u>‘বাংলাদেশ কোস্ট গার্ড এর জন্য লজিস্টিকস্ ও ফ্লিট মেইনটেন্যান্স ফ্যাসিলিটিস গড়ে তোলা’ শীর্ষক প্রকল্প</u>**

বাংলাদেশ কোস্ট গার্ডের জাহাজ, বোট ও পন্টুনসহ অন্যান্য জলযানসমূহ রক্ষণাবেক্ষণ ও মেরামতের নিমিত্তে ‘বাংলাদেশ কোস্ট গার্ড এর জন্য লজিস্টিকস্ ও ফ্লিট মেইনটেন্যান্স ফ্যাসিলিটিস গড়ে তোল’ শীর্ষক প্রকল্পের আওতায় মুন্সিগঞ্জ জেলার গজারিয়া উপজেলায় একটি পূর্ণাঙ্গ ডকইয়ার্ড নির্মাণের কার্যক্রম চলমান রয়েছে। প্রকল্পের আওতায় বিভিন্ন অবকাঠামো নির্মাণসহ স্লিপওয়ে, পন্টুন ও জেটি নির্মাণ, নদীরক্ষা বাঁধ নির্মাণ, বিভিন্ন ওয়ার্কশপ নির্মাণ ও বিশেষায়িত বিভিন্ন যন্ত্রপাতি ক্রয়ের কার্যক্রম চলমান রয়েছে। প্রকল্পের পরামর্শক প্রতিষ্ঠান হিসেবে ব্যুরো অব রিসার্চ, টেস্টিং এন্ড কনসালটেশন (বিআরটিসি), বুয়েট এর সাথে চুক্তি স্বাক্ষর করা হয়েছে। এছাড়া প্রকল্পের WD-1 ও WD-2 প্যাকেজভুক্ত সিএসডি প্রশাসনিক ভবন ও অফিসার্স মেস ভবনদ্বয়ের গ্রেট বিম পর্যন্ত নির্মাণ কাজ সম্পন্ন হয়েছে। এছাড়া WD-6 প্যাকেজভুক্ত ভূমি উন্নয়ন, বাউন্ডারি ওয়াল নির্মাণ, গার্ড রুম কাম রিসিপশন রুম, আরসিসি রোড নির্মাণ এবং WD-7 প্যাকেজভুক্ত মাষ্টার ড্রেন নির্মাণ, ৫০,০০০ গ্যালন ভূ-গর্ভস্থ জলাধার নির্মাণ, ১৫০ ও ৩০০ মি.মি. জিআই নলকূপ স্থাপনের জন্য ঠিকাদারি প্রতিষ্ঠানের সাথে চুক্তি স্বাক্ষর করা হয়েছে। ইতোমধ্যে ভূমি উন্নয়নের কাজ ৬০% সমাপ্ত হয়েছে।


| | |
|---|---|
|  |  |
| নির্মাণাধীন ম্যানেজিং ডাইরেক্টর- এর প্রশাসনিক ভবন ও অফিসার্স মেস ভবন | চলমান ভূমি উন্নয়ন কাজের চিত্র |

৫। **বাংলাদেশ কোস্ট গার্ডের জন্য "THE PROJECT FOR THE IMPROVEMENT OF RESCUE CAPACITIES IN THE COASTAL AND INLAND WATERS" শীর্ষক প্রকল্প**

বাংলাদেশ কোস্ট গার্ড- এর জন্য 'THE PROJECT FOR THE IMPROVEMENT OF RESCUE CAPACITIES IN THE COASTAL AND INLAND WATERS' প্রকল্পের আওতায় জাপান সরকারের JICA অনুদান হিসেবে ২৪টি রেসকিউ বোট (০৪টি ২০ মিটার এবং ২০টি ১০ মিটার) পরিকল্পনা অনুমোদিত হয়। সম্প্রতি ১০টি ১০ মিটার রেসকিউ বোটের নির্মাণ কাজ সম্পন্ন করতঃ বাংলাদেশ কোস্ট গার্ডের নিকট হস্তান্তরের জন্য গত ১৮ নভেম্বর ২০২০ চট্টগ্রাম বন্দরে সরবরাহ করা হয়েছে। অবশিষ্ট বোটসমূহ সংশ্লিষ্ট প্রতিষ্ঠান কর্তৃক নির্মাণ কার্য সমাপনান্তে আগামী মে ২০২১ এর মধ্যে বাংলাদেশ কোস্ট গার্ড এর নিকট হস্তান্তর করা হবে বলে আশাবাদ ব্যক্ত করেছেন। এ প্রকল্পের বর্তমান অগ্রগতি নিম্নরুপঃ




**১০ মিটার রেসকিউ বোট**



**২০ মিটার রেসকিউ বোট**